দৈনিক সংবাদ

তারিখ ... 05 FEB 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

07

# নিজ উদ্যোগে শিক্ষকগণ ছাত্রদের উপবৃত্তি দিলেন

।। মলয় ভৌমিক ।।

রাজশাহী, ৪ঠা ফেব্রুয়ারি। মহানগরীর চন্ডিপুর ক্লাস্টারের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ তাদের একটি প্রশংসনীয় উদ্যোগ সফল করে তুলেছেন। প্রাথমিক পর্যায়ের সরকারি বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের বাইরে যেসব স্বল্প মেধার শিশু রয়েছে তাদেরকে লেখাপড়ায় আগ্রহী করে তোলাই ছিল এই উদ্যোগের প্রধান দিক। এজন্য শিক্ষকগণ ব্যক্তিগত অনুদান এবং শুভাকাঙ্ক্ষীদের কাছ থেকে চাঁদা সংগ্রহ করে চালু করেছেন উপবৃত্তি প্রথা। প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে তৃতীয় শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত মোট বাইশজন ছাত্রছাত্রীকে এবছর উপবৃত্তি দেয়া হয়েছে। গত ৩১শে জানুয়ারি কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী থানা শিক্ষা কর্মকর্তা মুহম্মদ আবদুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের হাতে উপবৃত্তির টাকা তুলে দেয়া হয়। উপবৃত্তি প্রদান করেন প্রধান অতিথি রাজশাহী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ মোসলেম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন থানা শিক্ষা কর্মকর্তা আবেদ আলী কবিরাজ। সিংহভাগ অর্থদাতাদের নামে এই উপবৃত্তিগুলোর নামকরণ করা হয়েছে। এগুলো হলো, 'আজিজ উপবৃত্তি', 'আফসার উপবৃত্তি' ও 'মান্নান উপবৃত্তি'। দেশে শিক্ষকদের উদ্যোগে উপবৃত্তি চালুর প্রথম ঘটনাটিও ঘটে এই মহানগরীতে। দু'বছর আগে আহমদপুর ক্লাস্টারের শিক্ষকগণ প্রথম এ ধরনের উদ্যোগ নেন। ঐ সময় 'সংবাদ'-এ এ ব্যাপারে একটি প্রতিবেদনও প্রকাশিত হয়। কিন্তু নানা কারণে উদ্যোক্তারা এটিকে ধরে রাখতে ব্যর্থ হয়েছেন। চন্ডিপুর ক্লাস্টারের শিক্ষক-গণ অবশ্য বলছেন, যেকোনভাবেই হোক প্রতিবছরই এই উপবৃত্তি দেয়া হবে।

## মহানগরীর শ্রেষ্ঠ শিশু শিল্পী ও শিক্ষক

মোহাম্মদপুর টিকাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবদুল মান্নান এবছর (১৯৯৪) রাজশাহী মহানগরীর শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত হয়েছেন। এছাড়া উপশহর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অপরাজিতা আবৃত্তি, লোকনৃত্য ও অংকনে মনুজান প্রাথমিক বিদ্যালয়ের চিত্রা রায় দেশ গানে' এবং উপশহর প্রাথমিক বিদ্যালয়ের জোনাকী বেগম অভিনয়ে মহানগরীতে শ্রেষ্ঠ শিশু শিল্পী নির্বাচিত হয়েছে। সম্প্রতি সিটি কর্পোরেশন ভবনে অনুষ্ঠিত এক সমাবেশে শ্রেষ্ঠ শিক্ষক ও শিশু শিল্পীদের পুরস্কার প্রদান করা হয়।



রাজশাহী : ছাত্রছাত্রীদের হাতে উপবৃত্তির অর্থ তুলে দিচ্ছেন জেলা শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ মোসলেম। —সংবাদ